

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ১ম কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা পূর্বক ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব
তারিখ : ১৪/১০/২০১৮ ইং।
সময় : সকাল ১২.০০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে সংযুক্ত করা হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ১ম কোয়ার্টার এর জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভা ১৪/১০/২০১৮ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সৈয়দ ফরহাদ হোসেন, উপ-সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা:

NIS-এর টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সৈয়দ ফরহাদ হোসেন, উপ-সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থ বছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ১ম কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি এ বিভাগ এবং অধিনস্থ দপ্তর/সংস্থা গুলোর ২০১৮-১৯ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত ফিডব্যাক প্রদান করা হয়।

দপ্তর/সংস্থার আইসিটি বিষয়ক পর্যালোচনা করে নিম্নলিখিত ত্রুটিসমূহ পরিলক্ষিত হয় :-

০১। সমবায় অধিদপ্তর :

- ১.৩ সূচক ২৪ সেপ্টেম্বর, ২০১৮ সর্বশেষ হালনাগাদ করা হয়েছে। এ ছাড়া অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য জিআরএস সেবাবক্সে সংযোজিত হয়েছে।
- ১.২ সূচক ২৪ সেপ্টেম্বর, ২০১৮ সর্বশেষ হালনাগাদ করা হয়েছে যা ৩১/১২/২০১৮ পর্যন্ত হালনাগাদ হওয়া উচিত ছিল।

০২। বিআরডিবি:

- ১.২ সূচকে অভিযোগ ব্যবস্থাপনা সেবাবক্স এর জিআরএস প্রতিবেদনে কোন লিংক দেয়া হয়নি।

০৩। বার্ড:

- সকল তথ্য হালনাগাদকৃত। কোনো ত্রুটি না থাকায় বার্ড কর্তৃপক্ষ ধন্যবাদ পেতে পারেন।

০৪। আরডিএ:

- ১.৩ সূচকের শুদ্ধাচার আইকন নির্ধারিত ওয়েবসাইট (www.logo.gov.bd) হতে নিতে হবে।

০৫। বার্পার্ড :

➤ ১.৩, ৪.১, ৪.৪, ৭.২ হালনাগাদকৃত।

➤ শুদ্ধাচার সেবাবক্স হতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শুদ্ধাচার কৌশল বাদ দিতে হবে।

০৬। এসএফডিএফ:

➤ ৪.৪ সূচকে মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রীর তথ্য হালনাগাদ করা হয়নি।

০৭। পিডিবিএফ:

➤ ১.৩ সূচকে উল্লেখিত শুদ্ধাচার সেবাবক্স নেই।

➤ ৪.১ সূচকে উল্লেখিত তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ নেই।

০৮। মিস্কভিটা:


➤ ১.৩ সূচকের শুদ্ধাচার আইকন নির্ধারিত ওয়েবসাইট (www.logo.gov.bd) হতে নিতে হবে।

➤ ৪.৪ সূচকে ব্যবস্থাপনা পরিচালক এর তথ্য হালনাগাদ করা হয়নি।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

- ১) সচিবালয় নির্দেশনা অনুযায়ী শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ২) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।
- ৩) ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ১ম কোয়ার্টারের ঘাটতিসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।
- ৪) এ বিভাগে ও দপ্তর/সংস্থা সমূহকে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা নিশ্চিত করতে হবে।
- ৫) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নতুন নতুন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: আফজাল হোসেন)

অতিরিক্ত সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ